# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

দ্বিতীয়ত: সালাতের আরকান - ২০. সালাতের আরকান কয়টি ও কী কী?

একবচনে রুকন ও বহুবচনে আরকান। এগুলো হলো নামাযের ভেতরের ফরয। এর সংখ্যা নিয়েও আলেমগণের মতভেদ রয়েছে। তবে বিশুদ্ধ দলীল-প্রমাণের ভিত্তিতে বিজ্ঞ ফকীহগণের মতে, সালাতের রুকন ১০টি
১. দাঁড়িয়ে সালাত আদায় (ফরয সালাতে সক্ষম অবস্থায়)
২. তাকবীরে তাহরীমা (প্রথম তাকবীর)
৩. সূরা ফাতিহা পাঠ (প্রত্যেক রাকাআতে)
৪. রুকু করা এবং রুকু থেকে উঠা।
৫. সিজদা এবং সিজদা থেকে উঠা।
৬. দুই সিজদার মধ্যবর্তী বৈঠক।
৭. শেষ বৈঠক ও তাশাহহুদ (আত্তাহিয়্যাতু) পড়া।
৮. রুকনগুলো ধীরস্থিরভাবে আদায় করা।
৯. রুকন আদায়ে ধারাবাহিকতা রক্ষা করা (অর্থাৎ ক্রমধারা অনুযায়ী একের পর এক রুকনগুলো আদায় করা )
১০. সালাম ফেরানো (ডানে ও বামে)। এর কোন একটা ফরয ইচ্ছায় বা ভুলে বাদ পড়লে সালাত বাতিল হয়ে যাবে।

দলীল: (এক) বুখারী: ১১১৭, (দুই) বুখারী: ৭০৯, ইফা: ৭৫৭, আধুনিক: ৭৪৯, (তিন) বুখারী: ৭৫৬, ইফা ৭২০, আধুনিক ৭১২, (চার) সূরা হাজ্জ: ৭৭, বুখারী: ৭৫৭, ইফা ৭২১, আধুনিক: ৭১৩, (পাঁচ এবং ছয়) বুখারী: ৭৫৭, (সাত) বুখারী: ৭৫৭, ইফা ৭২১, বুখারী: ৮৩১, ইফা ৭৯৩, আধুনিক ৭৮৫, (আট) বুখারী: ৭৫৭, ইফা ৭২১, (নয়) বুখারী, (দশ) আবু দাউদ: ৬১

Source — https://www.hadithbd.com/books/link/?id=12904

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন